

# সম্মানিত সমাজকর্মী

জিলিয়ান হাসলামের জন্ম ভারতে হলেও থাকেন ব্রিটিশ যুক্তরাজ্যে। কিন্তু দীর্ঘদিন এই মহিলা মুলুক ছেড়ে এসে এই কলকাতার গরিব মানুষদের জন্য কাজ করছেন। তাঁর কাজের স্বীকৃতি হিসাবে



তাঁকে 'হ্যালো কলকাতা এক্সেলেন্স অ্যাওয়ার্ড' দেওয়া হল। এছাড়াও সঙ্গীত নিয়ে নিরীক্ষার জন্য সম্মানিত করা হল আরেক মহিলা, লিঙ্কা গুল্লাকে। সম্প্রতি কলকাতা প্রেস ক্লাবে এক অনুষ্ঠানে এই পুরস্কার তুলে দেওয়া হয়। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চন্দন দাস, শান্তি মল্লিক, শান্তি চট্টোপাধ্যায় প্রমুখ। ছিলেন হ্যালো কলকাতার সম্পাদক আশিস বসাকও। এই অনুষ্ঠান থেকেই পরিচ্ছন্ন কলকাতার লক্ষ্যে এক পদযাত্রার সূচনা করা হল।